

2 0 1 4

BENGALI

(Major)

Paper : 5.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) মহর্ষি কশ্মির আশ্রম কোন্ নদীর তীরে অবস্থিত ?
- (খ) মৃগয়াকালে দুম্যন্ত যে প্রিয়বয়স্যাকে সঙ্গে নিয়েছিলেন,
তার নাম কী ?
- (গ) গৌতমী কে ?
- (ঘ) “দেখ, এই দুর্ভক্ত কোনও মতে, নিবৃত্ত হইতেছে না ;”
—দুর্ভক্তটি কে ?
- (ঙ) আবদুর রশীদ কোন্ দেশের মানুষ ?
- (চ) সৈয়দ মুজতবা আলীর মতানুসারে রবীন্দ্রনাথের গানের যে
কোনো একটি বৈশিষ্ট্যের উল্লেখ করো ।
- (ছ) ‘তোতা কাহিনী’-র মূল গল্পটি কার লেখা থেকে সংগৃহীত
হয়েছে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “আমি অকপট হৃদয়ে কহিতেছি, তোমাদের সখীই আমার জীবনসর্বস্ব হইবেন।” উক্তিটি কার? ‘তোমাদের সখী’ বলতে এখানে কার কথা বলা হয়েছে?
- (খ) “চমৎকৃত হইয়া, রাজা মনে মনে কহিতে লাগিলেন, তপোবনের কী অনির্বচনীয় মহিমা!”— রাজার ওইরূপ মনোভাবের কারণ কী?
- (গ) ‘তোতা কাহিনী’-র তোতাটির দুটি বিশেষ বৈশিষ্ট্যের উল্লেখ করো।
- (ঘ) “এই ভাষাই মহাস্বামীজীর আদর্শ ভাষা ছিল।” এই আদর্শ ভাষাটি কীরূপ ভাষা?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) শকুন্তলার জন্মবৃত্তান্ত ও তাঁর নামকরণের যে কাহিনী অনসূয়া রাজা দুষ্যন্তকে শুনিয়েছিলেন, তা তোমার নিজের ভাষায় লেখো।
- (খ) “সূত! কেহ কহিয়া দিতেছে না, তথাপি তপোবন বলিয়া বোধ হইতেছে।” উক্তিটি কার? কী কী লক্ষণের দ্বারা তিনি তপোবনকে বিশেষভাবে চিহ্নিত করতে পেরেছিলেন?

- (গ) “তোমার আপনজন নই আমি?” বক্তা কে? কার উদ্দেশ্যে সে একথা বলেছিল? এই আপনত্বের কী কী প্রমাণ বক্তা দিতে চেয়েছিল?
- (ঘ) “সুভাষচন্দ্রের মত নেতাজী বিরল।” নেতাজী সুভাষচন্দ্র সম্পর্কে লেখকের এই অভিমতের কারণ কী?
- (ঙ) কাইরোতে বৃষ্টি হওয়ার সময় লেখকের পাড়ার কাফের আড্ডায় যা যা ঘটেছিল, তা সংক্ষেপে তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘শকুন্তলা’ অবলম্বনে গদ্যশিল্পী হিসাবে বিদ্যাসাগরের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।
- (খ) ‘শকুন্তলা’ গ্রন্থটি অবলম্বনে শকুন্তলার পতিগৃহে যাত্রার হৃদয়বিদারক কাহিনিটি তোমার নিজের ভাষায় বর্ণনা করো।
- (গ) “শকুন্তলার দুই সখী, রাজার প্রিয়বয়স্য—‘শকুন্তলা’ গ্রন্থে এঁরা পার্শ্বচরিত্র হলেও কাহিনির অগ্রগতিতে এঁরা বিশেষ ভূমিকায় অবতীর্ণ হয়েছেন।” বক্তব্যটি অনুসরণ করে ‘শকুন্তলা’ গ্রন্থে উল্লিখিত চরিত্রগুলির ভূমিকা কতখানি, তা সবিস্তারে আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) “রবীন্দ্রনাথের গল্প মোপাসাঁ-চেখফ দুজনের গল্পকেই হার মানায় তার গীতিরস দিয়ে।” ‘মোপাসাঁ-চেখফ-রবীন্দ্রনাথ’ প্রবন্ধে অবলম্বনে সৈয়দ মুজতবা আলীর এই মন্তব্যটির যথার্থ্য বিশ্লেষণ করো।
- (খ) ‘তোতা কাহিনী’ প্রবন্ধে বর্ণিত সওদাগরের পোষা তোতাটির মুক্তিলাভের কাহিনিটি সংক্ষেপে বর্ণনা করো। প্রসঙ্গত তোতাটি যাবার আগে সওদাগরকে যে শেষ তত্ত্বটি বলেছিল তার অন্তর্নিহিত তাৎপর্যটি অতি সংক্ষেপে লিপিবদ্ধ করো।
- (গ) “রাসল পাশা পৃথিবীর আর সব পণ্ডিতদের সঙ্গে একমত হয়ে বলেছেন, পৃথিবীর সব বেদেরই ভাষা নাকি আসলে ভারতীয়।” প্রথমে লেখক কী কারণে এই অভিমত সমর্থন করেননি? পরবর্তীকালে কোন্ অভিজ্ঞতায় লেখকের মনোভাবের পরিবর্তন ঘটেছিল, ‘বেদে’ প্রবন্ধে অবলম্বনে আলোচনা করো।
